দৈনিক
ইত্তেফাক

তারিখ 07 JUN 2016
পৃঃ ১৭ কলাম ৫

# জগন্নাথপুর আল-জান্নাত ইসলামিক এডুকেশনে শতভাগ পাস

■ জগন্নাথপুর (সুনামগঞ্জ) সংবাদদাতা

উপজেলার পৌর শহরের ইসহাকপুর এলাকার বাসিন্দা যুক্তরাজ্য প্রবাসী জয়নাল আবেদীন খান কর্তৃক প্রতিষ্ঠিত ও খান ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালনায় ইসহাকপুর আল-জান্নাত ইসলামিক এডুকেশন ইনস্টিটিউট দাখিল পরীক্ষায় জিপিএ-৫সহ শতভাগ ফলাফল অর্জন করেছে।

প্রতিষ্ঠানের প্রিন্সিপাল শহিদুল ইসলাম নিজামী জানান, চলতি বছরে এ প্রতিষ্ঠান থেকে ২৮ জন শিক্ষার্থী দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করে জিপিএ-৫সহ সকল শিক্ষার্থী শতভাগ ফলাফল অর্জন করেছে।

এছাড়াও ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষায় ২২ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে তিনটি টেলেন্টপুল বৃত্তিসহ শতভাগ ফলাফল অর্জন এবং জেডিসি পরীক্ষায় ২২ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে ২১ জন সফলতার সাথে উত্তীর্ণ হয়েছে।